



Sub: Bengali Text Work Sheet-2

Class: 6

Date: 04.05.2020

বঙ্গভূমির প্রতি

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'বঙ্গভূমির প্রতি' কবিতার কবি হলেন —
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) মাইকেল মধুসূদন দত্ত
(গ) নজরুল ইসলাম (ঘ) সুকান্ত ভট্টাচার্য
- ২। কবি মধুসূদন বন্ধু রাজনারায়ণ বসুকে কবে চিঠি লেখেন?
(ক) ১৮৬২-র ৪ঠা জুন (খ) ১৮৬২-র ৬ই জুন
(গ) ১৮৬২-র ৮ই জুন (ঘ) ১৮৬২-র ১০ই জুন
- ৩। 'ঘটে যদি _____,' শূন্যস্থানে কোন্ পদ বসবে?
(ক) সংশয় (খ) মৃত্যু
(গ) পরমাদ (ঘ) প্রমাদ
- ৪। '_____ করো নাগো তব মনঃকোকনদে।' শূন্যস্থানে কোন্ পদ বসবে?
(ক) গৃহহীন (খ) মধুহীন
(গ) আশাহীন (ঘ) স্মৃতিহীন
- ৫। 'দৈব' শব্দের অর্থ হল —
(ক) দেবতা বিষয়ক (খ) ভবিষ্যত বাণী
(গ) ভাগ্যের লিখন (ঘ) দেবতার কৃপায়
- ৬। 'পরমাদ' শব্দের অর্থ হল —
(ক) মৃত্যু (খ) প্রমাদ/ভুল
(গ) ক্ষতি (ঘ) মিথ্যা
- ৭। 'তব মনঃ কোকনদে।' — 'কোকনদ' শব্দের অর্থ হল —
(ক) পদ্মফুল (খ) লাল পদ্ম
(গ) নীল পদ্ম (ঘ) নীলকণ্ঠ ফুল
- ৮। '_____ করো না গো' — শূন্যস্থানে যে শব্দটি বসবে, তা হল —
(ক) দয়াহীন (খ) কৃপাহীন
(গ) মধুহীন (ঘ) মায়াহীন
- ৯। 'প্রবাসে, দৈবের বশে,' — 'প্রবাস' বলতে বোঝায় —
(ক) বিদেশ (খ) স্বদেশ
(গ) নিজের ঘর (ঘ) পরিবেশ
- ১০। 'জীব-তারা যদি খসে' — 'জীব-তারা' বলতে বোঝায় —
(ক) জীবনের তারা (খ) তারার জীবন
(গ) জীবনরূপ তারা (ঘ) জীব ও তারা

- ১১। 'এ দেহ-আকাশ হতে,' — 'দেহ-আকাশ' বলতে বোঝায় ?
(ক) আকাশ ও দেহ (খ) দেহরূপ আকাশ
(গ) আকাশের দেহ (ঘ) দেহ ও আকাশ
- ১২। 'নাহি খেদ তাহে,' — 'খেদ' শব্দের অর্থ হল —
(ক) আক্ষেপ (খ) রাগ
(গ) দুঃখ (ঘ) মোহ
- ১৩। 'জন্মিলে _____ হবে,' - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে ?
(ক) বাঁচিতে (খ) লড়িতে
(গ) হাসিতে (ঘ) মরিতে
- ১৪। 'চিরস্থির কবে নীর,' — 'নীর' শব্দের অর্থ হল —
(ক) বাতাস (খ) জল
(গ) পাখির বাসা (ঘ) ঝড়
- ১৫। 'জীবন-নদে' শব্দের অর্থ হল —
(ক) জীবনের নদী (খ) নদীর জীবন
(গ) জীবনরূপ নদী (ঘ) জীবন ও নদী

Amit Kundu
